

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬২৭

খোয়াই, ২৮ অক্টোবর, ২০২৪

বিদ্যাজ্যোতি স্কুলে সিবিএসই অনুকরণে পঠনপাঠন বিষয়ক কর্মশালা

খোয়াই জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের বিআরসি হলে বিদ্যাজ্যোতি স্কুল সমূহে সিবিএসই অনুকরণে ছাত্রছাত্রীদের (দশম ও দ্বাদশ) পরীক্ষার জন্য পঠনপাঠন সম্পর্কিত বিষয়ের উপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন শিক্ষা দপ্তরের বিদ্যাজ্যোতি সেলের রিসোর্স পার্সন স্বপন মজুমদার। তিনি কর্মশালায় অংশগ্রহণকারী বিভিন্ন বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের প্রিন্সিপাল, ভাইস-প্রিন্সিপাল, সিবিএসই ম্যানেজারদের ছাত্রছাত্রীদের ভাল ফলাফলের জন্য কিভাবে তৈরী করতে হবে, পড়াশুনার প্রতি কিভাবে আগ্রহ বাড়াতে হবে ও সিবিএসই পদ্ধতিতে প্রতিটি ক্লাসে ছাত্রছাত্রীদের এসেসমেন্ট পদ্ধতি সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ দেন। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি ঋষিকেশ দেববর্মা, খোয়াই বিদ্যালয় পরিদর্শক প্রভেন কুমার দেববর্মা ও কবি নজরুল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রিন্সিপাল বিশুরাই দেববর্মা প্রমুখ।
